কার্পাসডাঙ্গায় কবি কাজী নজরুলের গানের সুর বিকৃত প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বেও আজ শনিবার বিকাল সাড়ে তিনটার সময় কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিখ্যাত গান “কারার ঐ লৌহ কপাট” এর সুর বিকৃত করার প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মানববন্ধনে সভাপতিত্ব করেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, শুভেচ্ছা বক্তব্য দেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল এবং বাঁশরীর চুয়াডাঙ্গা জেলা শাখার নজরুল সঙ্গীত প্রশিক্ষক নিশাত শারমিন সোনিয়া।

মানববন্ধনে প্রধান অতিথি বক্তব্য বলেন, ভারতীয় বলিউড চলচিত্র পিপ্পা সিনেমায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সুর বিকৃত করেছেন ভারতীয় সঙ্গীত সুরকার এ আর রহমান। যা আমাদের সংস্কৃতির প্রতি তীব্র অবমাননা এবং কবির প্রতি অসম্মানের শামিল। গানটি ইউটিউব চ্যানেল এবং পিপ্পা সিনেমা থেকে দ্রূত অপসারণ করতে হবে এবং আদি সুরে গানটি বহাল করতে হবে।যদি না করা হয় তবে সামনে বৃহৎ কর্মসূচি ঘোষণা করা হবে। এই ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করেন।

এছাড়াও উপস্থিত ছিলেন তবলা শিল্পী নাসির উদ্দীন,চুয়াডাঙ্গা বন্ধু ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার আরব বিল্লাহ সহ বন্ধু ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ,কার্পাসডাঙ্গা ইউনিয়ন কিশোর-কিশোরীর ক্লাবের ছাত্র-ছাত্রীবৃন্দ, হোগলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক তানভীর রহমান লিঙ্কন, চুয়াডাঙ্গা জেলা বাউল কল্যাণ সংস্থার সভাপতি নওয়াব আলী শাহ,আশরাফুল মিঠুন,বিল্লাল, এস এম সেলিম, সংলাপ সাংস্কৃতিক গোষ্ঠির সাধারণ সম্পাদক আহসান খান, নুর আলম, জয়নাল আবেদিন, আব্দুল গনি, দৌলত বিশ্বাস, কুদ্দুস,

কার্পাসডাঙ্গা ডিগ্রি কলেজের রোভার স্কাউট হাবিব সহ তার দল।

মানববন্ধনে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাথে একাত্মতা ঘোষণা করেন চুয়াডাঙ্গা সাহিত্য, সংলাপ সাংস্কৃতিক গোষ্ঠী, বাঁশরী এবং চুয়াডাঙ্গা বন্ধু ফাউন্ডেশন।

প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল

প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। ডাক নাম ‘দুখু মিয়া’। বাংলা সাহিত্যে বিদ্রোহী কবি হিসেবে পরিচিত হলেও তিনি ছিলেন একাধারে কবি, সংগীতজ্ঞ, ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার, প্রাবন্ধিক, সাংবাদিক, চলচ্চিত্রকার, গায়ক ও অভিনেতা। তিনি বৈচিত্র্যময় অসংখ্য রাগ-রাগিনী সৃষ্টি করে বাংলা সঙ্গীত জগতকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছেন।

আজ ২৭ আগষ্ট শনিবার, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৬তম মৃত্যুবার্ষিকী। ১৯৭৬ সালের শোকের মাসের এদিনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (সাবেক পিজি হাসপাতাল) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

কবিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়। সেখানেই তিনি চিরনিদ্রায় শায়িত।

জাতীয় কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুরের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন কর্মসূচি গ্রহণ করেছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।মেহেরপুর শিল্পকলা একাডেমী ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী পৃথকভাবে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছেন।

নজরুলের সৃষ্টিকর্ম প্রসঙ্গে বিশেষজ্ঞরা বলেন, ‘নজরুল ইতিহাস ও সময় সচেতন মানুষ ছিলেন, যার প্রভাব তাঁর লেখায় স্পষ্টভাবে পাওয়া যায়। তুরস্কে কামাল পাশার নেতৃত্বে প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা,

রাশিয়ায় সমাজতান্ত্রিক বিপ্লব আর ভারতবর্ষে ব্রিটিশবিরোধী আন্দোলনের তরঙ্গকে নজরুল তাঁর সাহিত্যে বিপুলভাবে ধারণ করেছেন। সেই সময়ে ধর্মান্ধ মুসলমানদের তিনি পুনর্জাগরণের ডাক দিয়েছেন এবং এক্ষেত্রে তাঁর ভূমিকা ছিল একজন বলিষ্ঠ নেতার মতো।’

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ১৩০৬ সালের ১১ জ্যৈষ্ঠ পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর ডাক নাম ‘দুখু মিয়া’। পিতার নাম কাজী ফকির আহমেদ ও মাতা জাহেদা খাতুন।

কাজী নজরুল ছিলেন চির প্রেমের কবি। তিনি যৌবনের দূত। তিনি প্রেম নিয়েছিলেন, প্রেম চেয়েছিলেন। মূলত তিনি বিদ্রোহী, কিন্তু তাঁর প্রেমিক রূপটিও প্রবাদপ্রতিম। তাই, মানুষটি অনায়াসেই বলতে পারেন ‘আমার আপনার চেয়ে আপন যে জন খুঁজি তারে আমি আপনায়’।

বাংলাদেশের স্বাধীনতার পর পরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সপরিবারে সদ্যস্বাধীন বাংলাদেশে নিয়ে আসেন। তিনি রাষ্ট্রীয় মর্যাদায় বাংলাদেশে তাঁর বসবাসের ব্যবস্থা করেন এবং ধানমণ্ডিতে কবির জন্য একটি বাড়ি প্রদান করেন।

দুখু মিয়া ছিলেন অসাম্প্রদায়িক চেতনার পথিকৃৎ লেখক। তাঁর লেখনি জাতীয় জীবনে অসাম্প্রদায়িক চেতনা বিকাশে ব্যাপক ভূমিকা পালন করে। তাঁর কবিতা ও গান মানুষকে যুগে যুগে শোষণ ও বঞ্চনা থেকে মুক্তির পথ দেখিয়ে চলছে।